দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 25 MAY 2015
পৃষ্ঠা ...১৭... কলাম ...৪...

# ধনবাড়ীতে শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগে মামলা

■ গোপালপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

উপজেলার গোবিন্দপুর আলিম মাদ্রাসায় শিক্ষক নিয়োগে অনুদানের নামে ৩০ লাখ টাকা আত্মসাতের অভিযোগে মামলা হয়েছে। মাদ্রাসা পরিচালনা কমিটির সদস্য ইউনুস আলী বাদী হয়ে টাঙ্গাইলের সহকারী জজ আদালতে রবিবার এ মামলা দায়ের করেন।

মামলার বিবরণে প্রকাশ, স্থানীয় একটি দৈনিকে নামমাত্র আবশ্যক বিজ্ঞাপন দিয়ে মাদ্রাসা অধ্যক্ষ মাওলানা হাফিজুর রহমান ও গভর্নিং বডির সভাপতি ইউসুফ আলী একজন আরবি প্রভাষকসহ ৯ জন সহকারী শিক্ষক নিয়োগ দেন। শিক্ষক নিয়োগের বিষয়ে গভর্নিং বডির কোন মিটিংও অনুষ্ঠিত হয়নি। রেজুলেশনে সাবেক অধ্যক্ষ মাওলানা আব্দুস সাত্তারের স্বাক্ষরও জাল করা হয়। মাদ্রাসার উন্নয়ন তহবিলে অনুদানের নামে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের নিকট থেকে আদায় করা প্রায় ৩০ লাখ টাকা প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্টে জমা না দিয়ে আত্মসাৎ করা হয়। এ ব্যাপারে মাদ্রাসা অধ্যক্ষ মাওলানা হাফিজুর রহমান কোন বক্তব্য দিতে চাননি।